

া ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

নারীর জন্য তার নিজ ঘরে ইতিকাফ করা কি জায়েয আছে? যদি জায়েয হয় সেক্ষেত্রে তার যদি রান্নাবান্না করার প্রয়োজন পড়ে, তখন কি করবে?

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

মসজিদের বাইরে ইতিকাফ করলে সেটা শুদ্ধ হবে না। কারণ আল্লাহ তাআলা বলেছেন: 'আর তোমরা মসজিদে ইতিকাফরত অবস্থায় স্ত্রীদের সাথে মিলিত হয়ো না /'[২ আল-বাক্বারাহ: ১৮৭] এই হুকুম পুরুষ ও নারী উভয়ের জন্যই সমানভাবে প্রযোজ্য।

ইবনে কুদামাহ 'আল-মুগনী' গ্রন্থে (৪/৪৬৪)বলেছেন:

"একজন নারী যে কোন প্রকারের মসজিদে ইতিকাফ করতে পারেন। সেটা পাঞ্জেগানা মসজিদ তথা পাঁচ ওয়াক্ত নামাযের জামাত হয় এমন মসজিদ হওয়া শর্ত নয়। কারণ জামাতে নামায আদায় করা নারীর জন্য বাধ্যতামূলক নয়।" ইমাম শাফেয়ী (রহঃ)ও এই অভিমত পোষণ করেছেন।

নারীর জন্য তার নিজ ঘরে ইতিকাফ করার কোন বিধান নেই। কারণ আল্লাহ তাআলা বলেছেন: 'আর তোমরা মসজিদে ইতিকাফরত অবস্থায় স্ত্রীদের সাথে মিলিত হয়ো না ।'[২ আল-বাক্বারাহ : ১৮৭]

এছাড়া রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণ তাঁর কাছে মসজিদে ইতিকাফ করার অনুমতি চান এবং তিনি তাঁদেরকে অনুমতি দেন। সমাপ্ত

"আলমাজমূ" (৬/৪৮০) গ্রন্থে ইমাম নববী বলেছেন:

'নর-নারী কারো জন্য মসজিদের বাইরে ইতিকাফ করা শুদ্ধ নয়।'সমাপ্ত

''আশ-শারহ আল-মুমতি'' (৬/৫১৩) গ্রন্থে এটাই হচ্ছে শাইখ উছাইমীনের নির্বাচিত অভিমত।

আল্লাহই সবচেয়ে ভালো জানেন।

ফুটনোট

http://islamqa.info/bn/37911

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2357

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন